

শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.০১৭.০২৮.০০.০০.০২৬.২০১৫-৬৮৮

তারিখ: ২৩ ভাদ্র ১৪২৮ বঙ্গাব্দ।  
০৮ সেপ্টেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ।


**প্রজ্ঞাপন**

যেহেতু, চাঁপাইনবাবগঞ্জ জেলার শিবগঞ্জ উপজেলার নয়ালাভাঙ্গা ইউনিয়ন পরিষদের ০১ নং ওয়ার্ডের সদস্য জনাব মোঃ ইসহাক আলী, বিনা অনুমতিতে বিদেশ গমন করার অভিযোগ স্থানীয় তদন্তে প্রমাণিত হয়েছে এবং জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ বর্ণিত ইউপি সদস্যের বিরুদ্ধে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ অনুযায়ী ব্যবস্থা গ্রহণের সুপারিশ করেছেন;

যেহেতু, চাঁপাইনবাবগঞ্জ জেলার শিবগঞ্জ উপজেলার নয়ালাভাঙ্গা ইউনিয়ন পরিষদের ০১ নং ওয়ার্ডের সদস্য জনাব মোঃ ইসহাক আলী, বিনা অনুমতিতে বিদেশ গমন করার অভিযোগ স্থানীয় তদন্তে প্রমাণিত হওয়ায় তাঁর দ্বারা ইউনিয়ন পরিষদে ক্ষমতা প্রয়োগ প্রশাসনিক দৃষ্টিকোণে সমীচীন নয় মর্মে সরকার মনে করে;

সেহেতু চাঁপাইনবাবগঞ্জ জেলার শিবগঞ্জ উপজেলার নয়ালাভাঙ্গা ইউনিয়ন পরিষদের ০১ নং ওয়ার্ডের সদস্য জনাব মোঃ ইসহাক আলী, কর্তৃক সংঘটিত অপরাধমূলক কার্যক্রম পরিষদসহ জনস্বার্থের পরিপন্থী বিবেচনায় এবং স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(৪) (ক) ও (জ) অপরাধ সংঘটিত করায় ৩৪(১) অনুযায়ী উল্লিখিত ইউপি সদস্যকে তাঁর স্বীয় পদ হতে সাময়িক বরখাস্ত করা হলো।

০২। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

  
(মো: আবুজাফর রিপন পিএএ)  
উপসচিব  
ফোন: ০২২২৩৩৫৩৩৯৪  
Up1lgd@gmail.com

স্মারক নং-৪৬.০০.০১৭.০২৮.০০.০০.০২৬.২০১৫-৬৮৮


তারিখ: ২৩ ভাদ্র ১৪২৮ বঙ্গাব্দ।  
০৮ সেপ্টেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ।

**বিতরণঃ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে)**

- ১। জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ।
- ৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। জনাব মোঃ ইসহাক আলী, ইউপি সদস্য, ০১নং ওয়ার্ড (সাময়িক বরখাস্তকৃত) নয়ালাভাঙ্গা ইউনিয়ন পরিষদ, শিবগঞ্জ চাঁপাইনবাবগঞ্জ।

**অনুলিপি (সদয় অবগতির জন্য):**

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

  
(মো: আবুজাফর রিপন পিএএ)  
উপসচিব